# প্রদীপ্তি পাঠশালা

এসএসসি ২০২৫

বিষয় : বাংলা ১ম পত্র (কোড ১০১)

**বহুনির্বাচনি প্রশ্নমালা (নিজস্ব)**

১। প্রমথ চৌধুরীর কোন কথা শুনলে অনেকে চমকে উঠবেন?
ক) বইপড়া সর্বশ্রেষ্ঠ শখ খ) ধর্মের চর্চা মন্দিরের বাইরেও চলে গ) শিক্ষকের সার্থকতা শিক্ষা দান করায় নয় ঘ) লাইব্রেরির সার্থকতা স্কুল কলেজের চাইতে বেশি

২। "আত্মরক্ষাও অকর্তব্য নয়"– এখানে লেখকের মতে 'আত্মরক্ষা' বলতে বোঝানো হয়েছে–
ক) নিজেকে রক্ষা করা খ) অভাব-অনটন দূর করা গ) মনের চাহিদা পূরণ করা ঘ) স্বশিক্ষিত হওয়া

৩। 'বইপড়া' প্রবন্ধে 'আত্মার অপমৃত্যু' বলতে বুঝায়–
i) নিরানন্দ ii) জীবনীশক্তি হ্রাস iii) মূল্যবোধের অবক্ষয়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৪। 'বইপড়া' প্রবন্ধে উল্লিখিত 'বাজিকর' বলতে বুঝায় যারা–
ক) নোট মুখস্থ করে খ) কৌশলে শিক্ষা লাভ করে গ) মুখস্থ বিদ্যায় পারদর্শী ঘ) বিদ্যা হজম করতে পারে

৫। 'জ্ঞানের সৃষ্টি মন সাপেক্ষ'– এখানে 'মন সাপেক্ষ' বলতে বুঝায়–
ক) মনোবাঞ্ছিত খ) মনোনিবিষ্ট গ) মনোনির্ভর ঘ) মনোগ্রাহ্য

৬। প্রমথ চৌধুরী 'কঠিন প্রাণের লোক' বলতে বুঝিয়েছেন-
ক) সাহিত্যিকদের খ) সুশিক্ষিতদের গ) প্রগতিশীলদের ঘ) স্বশিক্ষিতদের

৭। শিক্ষকের সার্থকতা হলো ছাত্র-ছাত্রীদের–
i) আত্মশক্তি জাগ্রত করায় ii) কৌতূহল উদ্রেক করায় iii) শিক্ষার ঐশ্বর্যের সন্ধান দিতে পারায়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৮। 'আত্মার অপমৃত্যু' বলতে কী বোঝানো হয়েছে?
ক) শিক্ষা লাভে অনীহা খ) লেখাপড়া থেকে ঝরে পড়া গ) জ্ঞানহীন পাশ করা শিক্ষার বিস্তার ঘ) মুখস্ত নির্ভর শিক্ষা লাভে বাধ্য করা

৯। আমাদের কাব্যামৃতে অরুচি ধরার কারণ–
ক) ত্রুটিযুক্ত শিক্ষা ব্যবস্থা খ) ফল হাতে হাতে না পাওয়া গ) বাজার দর না থাকা ঘ) উদরপূর্তির কাজে না লাগা

১০। 'বইপড়া' প্রবন্ধে লেখক সকলের মনোরঞ্জন করতে সক্ষম হয়েছেন কিনা– বলে সংশয় প্রকাশ করেছেন কেন?
ক) সাহিত্যচর্চায় অনাগ্রহের কারণে খ) জাতির দুরাবস্থার কারণে গ) শিক্ষার প্রচলিত প্রথার কারণে ঘ) কাব্যামৃতে অরুচির কারণে

১১। ছেলেরা নোট পড়ে আর ছেলের বাবারা নজির পড়ে দুই-ই বাধ্য হয় কেন?
ক) সুশিক্ষার জন্য খ) প্রয়োজনের তাগিদে গ) পেটের দায়ে ঘ) ভাল ফল লাভের জন্য

১২। আমাদের গায়ের জ্বালা ও চোখের জল দুই-ই দূর করতে পারে কোনটি?
ক) অর্থ খ) শিক্ষা গ) সাহিত্য ঘ) বই পড়া

১৩। লেখক সাহিত্য চর্চাকে আবশ্যক মনে করেন কেন?
ক) জাতিকে যথার্থ শিক্ষিত করতে খ) স্বনির্ভর হওয়ার জন্য গ) মনকে সচল ও সরাগ করার জন্য ঘ) প্রগতিশীল সমাজের সাথে তাল মেলানোর জন্য

১৪। কীসের প্রাচুর্যে মানুষের মন প্রাণ সচল, সরাগ ও সবল হয়?
ক) শিক্ষার খ) সাহিত্যের গ) অর্থের ঘ) আনন্দের

১৫। কোনটিতে আমাদের অরুচি ধরেছে?
ক) শিক্ষা লাভে খ) সাহিত্য চর্চায় গ) কাব্যামৃতে ঘ) জ্ঞান চর্চায়

১৬। সাহিত্য চর্চার সুফল সম্পর্কে কারা সন্দিহান?
ক) প্রত্যেকে খ) সকলে গ) অশিক্ষিতরা ঘ) অনেকেই

১৭। লেখকের মতে সাহিত্য চর্চার আনন্দ থেকে বঞ্চিত হওয়ার অর্থ কী?
ক) জাতিকে পরনির্ভরশীল করা খ) জাতির অবনতি গ) জাতির জীবনী শক্তি হ্রাস ঘ) জাতীয় সংস্কৃতির বিনাশ

১৮। কে সাহিত্যের সার্থকতা বোঝে না, বোঝে অর্থের সার্থকতা?
ক) শিক্ষিত মানুষ খ) সচেতন মানুষ গ) ডেমোক্রেসি ঘ) যথার্থ গুরুরা

১৯। মানুষের পুরো মনটার সাক্ষাত পাওয়া যায় কীসে?
ক) সংস্কৃতিতে খ) জাতীয় ঐতিহ্যে গ) সাহিত্যে ঘ) মানুষের আচরণে

২০। যে জাতি যত নিরানন্দ সে জাতি তত–
ক) অবহেলিত খ) নির্জীব গ) নিষ্প্রাণ ঘ) দরিদ্র

২১। 'যারা পাশ করতে পারেনি তারাই দেশকে রক্ষা করেছে'- এ উক্তি কোন দেশ সম্পর্কে?
ক) বাংলাদেশ খ) ফ্রান্স গ) ইংল্যান্ড ঘ) ইতালি

২২। 'বই পড়া' প্রবন্ধে কাদেরকে অলস বলা হয়েছে?
ক) যারা লেখাপড়ায় উৎসাহী নয় খ) যারা কর্মবিমুখ গ) যারা অর্থ উপার্জনে সক্ষম নয় ঘ) যারা স্বেচ্ছায় বই পড়ে

২৩। 'বই পড়া' প্রবন্ধে আমাদের কয়টি পরামর্শ দেওয়া হয়েছে?
ক) ২ টি খ) ৩ টি গ) ৪ টি ঘ) ৫ টি

২৪। সাহিত্য চর্চার জন্য কোনটি আবশ্যক?
ক) আগ্রহ খ) জ্ঞান বুদ্ধি গ) মানসিকতা ঘ) লাইব্রেরি

২৫। আমাদের শিক্ষা পদ্ধতি কীরূপ?
ক) ত্রুটিপূর্ণ খ) আধুনিক গ) অবৈতনিক ঘ) উল্‌টো

২৬। 'ভাড়েও ভবানী' অর্থ কী?
ক) রিক্ত বা শূন্য খ) অসচেতন গ) অশিক্ষিত ঘ) জ্ঞানহীন

২৭। যথার্থ গুরুর কাজ হচ্ছে—
i. শিষ্যকে সত্যিকার শিক্ষা দান ii. শিষ্যকে যথার্থভাবে গড়ে তোলা iii. শিষ্যের আত্মাকে উদ্ভাষিত করা
নিচের কোনটি সঠিক?
ক) iii খ) i ও ii গ) i ও iii ঘ) i, ii ও iii

২৮। ফ্রান্সের লেখক, সাহিত্যিক ও কৃতকর্মা কোন শ্রেণির লোক থেকে এসেছে?

ক) প্রতিভাবান ছাত্রদের মধ্য থেকে    খ) যারা পাশ করতে পারেনি    গ) স্কুল পালানো ছাত্র    ঘ) রাজনীতিবিদদের মধ্য থেকে

২৯। ‘বই পড়া’ প্রবন্ধের মূল বক্তব্য হচ্ছে—
i. আমাদের দেশের ভুল শিক্ষা পদ্ধতির ব্যাখ্যা    ii. জ্ঞান অর্জনের জন্য উপদেশ    iii. সাহিত্য চর্চার উপর জাতির গুরুত্ব আরোপ
নিচের কোনটি সঠিক?
ক) iii    খ) i ও ii    গ) i ও iii    ঘ) i, ii ও iii

৩০। শিক্ষা ক্ষেত্রে কোন জিনিসের গুরুত্ব আমাদের দেশে সবচেয়ে বেশি?
ক) সুশিক্ষিত শিক্ষক মন্ডলীর    খ) শিক্ষার শান্ত পরিবেশ    গ) উন্নত শিক্ষা পদ্ধতি    ঘ) লাইব্রেরি প্রতিষ্ঠা

৩১। মানুষের দর্শন, বিজ্ঞান, কর্মনীতি, অনুরাগ, স্বপ্ন এই সকলের সমন্বয়ে কী সৃষ্টি হয়?
ক) জ্ঞান    খ) শিক্ষা    গ) সাহিত্য    ঘ) লাইব্রেরি

৩২। শিষ্যকে বিদ্যার সাধনা করতে হয়—
i. যথেষ্ট মনোযোগ সহকারে    ii. নিজ প্রচেষ্টায়    iii. নিজ অর্জন করে
কোনটি সঠিক?
ক) i    খ) i ও ii    গ) ii ও iii    ঘ) i, ii ও iii

৩৩। বিজ্ঞানের চর্চা কোথায় করতে হয়?
ক) ল্যাবরেটরিতে    খ) যাদুঘরে    গ) বিজ্ঞানাগারে    ঘ) গুহায়

৩৪। আমরা কীসের ফল লাভের উদ্বাহু?
ক) সাহিত্যের    খ) শিক্ষার    গ) অর্থের    ঘ) কর্মের

৩৫। মুসলমান ধর্মে মানব জাতি কয় ভাগে বিভক্ত?
ক) ২    খ) ৩    গ) ৪    ঘ) ৫

৩৬। কোনটি আমাদের নির্জীব করেছে?
ক) অশিক্ষা    খ) শিক্ষা    গ) অলসতা    ঘ) অর্থ

৩৭। মানুষের প্রাণ মনের সম্পর্ক যত হারায় ততই তা দূর্বল হয়, এটি কোথায় লিখিত?
ক) লাইব্রেরিতে    খ) মানুষের মনে    গ) হাসপাতালের পটভূমিতে    ঘ) ইতিহাসের পাতায়

৩৮। ‘স্বশিক্ষিত’ বলতে বোঝায়?
ক) সৃজনশীলতা অর্জন    খ) বুদ্ধির জাগরণ    গ) নিজে নিজে শিক্ষিত    ঘ) উচ্চ শিক্ষা অর্জন

৩৯। প্রমথ চৌধুরীর মতে ‘যথার্থ শিক্ষিত’ ব্যক্তি মাত্রই—
ক) প্রগতিশীল    খ) কেতাবি    গ) ডিগ্রিধারী    ঘ) করিৎকর্মা

৪০। ‘বই পড়া’ প্রবন্ধে লেখকের মতে ‘শিক্ষা কেউ কাউকে দিতে পারে না’ – কারণ শিক্ষা হলো—
ক) অনুশীলনের বিষয়    খ) চর্চার বিষয়    গ) অধ্যয়নের বিষয়    ঘ) অর্জনের বিষয়

৪১। প্রমথ চৌধুরীর মতে আমাদের সমাজ কেমন?
ক) উচ্ছৃঙ্খল    খ) বিভ্রান্ত    গ) নির্জীব    ঘ) নিরানন্দ

৪২। ‘ব্যধিই সংক্রামক, স্বাস্থ্য নয়’- এই উক্তিটি কোন প্রসঙ্গে করা হয়েছে?
ক) আমাদের অশিক্ষা ও কুসংস্কার সম্পর্কে    খ) আমাদের রোগ ব্যধি সম্পর্কে    গ) আমাদের শিক্ষা সম্পর্কিত দৃষ্টিভঙ্গি প্রসঙ্গে    ঘ) আমাদের কুঅভ্যাস সম্পর্কে

৪৩। ‘আত্মার মৃত্যু’ বলতে কী বোঝায়?
ক) আত্মার নিজস্বতা লোপ    খ) আত্মার বিকাশ ঘটা    গ) আত্মিক মৃত্যু    ঘ) বিবেক বোধ লোপ

৪৪। ‘যে জাতির জ্ঞানের ভান্ডার শূন্য সে জাতির ধনের ভাঁড়েও ভবানী’- এ কথার অর্থ কী?
ক) ধনার্জন জ্ঞানসাপেক্ষ    খ) জ্ঞানার্জন ধনসাপেক্ষ    গ) বিষয় দুটো পরিপূরক    ঘ) জ্ঞানের সাথে অর্থের সংযোগ

৪৫। আমাদের স্কুল-কলেজের শিক্ষা পদ্ধতি ঠিক উলটো।– ‘উলটো’ বলতে লেখক কী বুঝিয়েছেন?
ক) পাঠদান পদ্ধতিতে মারাত্মক ত্রুটি    খ) অর্জনের বিষয় গ্রহণের হয়ে উঠেছে    গ) গুরু-শিষ্যের পারস্পারিক ভূমিকা বিতর্কিত    ঘ) আগ্রহের বিষয় বর্জনীয় হয়ে উঠেছে

৪৬। যে কাজ স্বেচ্ছায় করা যায় না তাতে কী নেই?
ক) আগ্রহ    খ) মনের সন্তোষ    গ) আনন্দ    ঘ) কর্মস্পৃহা

৪৭। দেশের উপকারের জন্য আমাদের করণীয় কী?
ক) জ্ঞান অর্জন করা    খ) স্বেচ্ছায় বই পড়া    গ) স্কুল কলেজ প্রতিষ্ঠা    ঘ) বেশি বেশি লাইব্রেরি প্রতিষ্ঠা

৪৮। মানুষের সর্বশ্রেষ্ঠ সখ কোনটি?
ক) বিদ্যা অর্জন    খ) সাহিত্যচর্চা    গ) বই পড়া    ঘ) অর্থ উপার্জন

৪৯। মনোরাজ্যের ঐশ্বর্যের সন্ধান দিতে পারেন কে?
ক) সাহিত্য    খ) লাইব্রেরি    গ) শিক্ষক    ঘ) যথার্থ গুরু

৫০। ‘বই পড়া’ প্রবন্ধে প্রাবন্ধিকের বাক্য ব্যয়ের উদ্দেশ্য—
i. বই পড়ার প্রতি আগ্রহ সৃষ্টি করা    ii. সাহিত্য চর্চার প্রতি জাতির গুরত্ব আরোপ    iii. জাতিকে উন্নতির পথে ধাবিত করা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii    খ) i ও iii    গ) ii ও iii    ঘ) i, ii ও iii

৫১। অর্থকরী নয় এমন সবকিছুই এদেশে অনর্থক বলে বিবেচিত হয় কেন?
ক) অলসতার কারণে    খ) অশিক্ষার কারণে    গ) আর্থিক অনটনের কারণে    ঘ) সচেতনতার অভাবে

৫২। আজকের দিনে মানুষের মনকে সচল, সরাগ ও সবল রাখার ভার অনেকটা কীসের উপর?
ক) আনন্দের    খ) শিক্ষার    গ) সাহিত্যের    ঘ) বই পড়ার

৫৩। ‘বই পড়া’ প্রবন্ধে জাতির আত্মরক্ষার জন্য শিক্ষার কোন দিকটি টানতে হবে?
ক) সঠিক দিক    খ) ইতিবাচিক দিক    গ) উল্টা দিক    ঘ) প্রয়োজনীয় দিক

৫৪। ‘বই পড়া’ প্রবন্ধে লাইব্রেরিকে মনের হাসপাতাল বলার কারণ-
i) আত্মার মুক্তি    ii) স্বচ্ছন্দচিত্তে পড়া    iii) উদরের দাবী রক্ষা করা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii    খ) i ও iii    গ) ii ও iii    ঘ) i, ii ও iii

৫৫। লেখক প্রমথ চৌধুরীর মতে, কোন সত্য প্রত্যক্ষ ?
ক) ধনের সৃষ্টি জ্ঞান সাপেক্ষ    খ) জ্ঞানের ভাডার ধনের ভাডার নয়
গ) যে কথা জজে শোনে না তার কোনো মূল্য নেই    ঘ) যে জাতি মনে বড়ো নয়, সে জাতি জ্ঞানেও বড়ো নয়

৫৬। ‘বইপড়া’ প্রবন্ধের কোন সত্য কথাটি স্বীকার করতে আমরা কুণ্ঠিত হই ?
ক) আমরা জাত হিসেবে শৌখিন নই    খ) পাশ করা ও শিক্ষিত হওয়া এক বস্তু নয়
গ) মনের দাবি রক্ষা না করলে মানুষের দেহ বাঁচে না    ঘ) শিক্ষার ফল হাতে হাতে পাওয়া যায় না

৫৭। প্রমথ চৌধুরীর মতে কোন কথা শুনে অনেকে চমকে উঠবে ?

ক) সাহিত্যচর্চা শিক্ষার সর্বপ্রধান অঙ্গ
খ) স্কুল-কলেজে ছেলেদের বিদ্যে গেলানো হয়
গ) শিক্ষিত সমাজের লোলুপ দৃষ্টি আজ অর্থের উপর
ঘ) লাইব্রেরির সার্থকতা স্কুল কলেজের চাইতে বেশি

## বোর্ড বহুনির্বাচনি প্রশ্নমালা (২০১৫-২০২৩)

০১। প্রমথ চৌধুরীর মতে, আমাদের দেশে লাইব্রেরির সার্থকতা কীসের চাইতে কম নয়?
ক) স্কুলের  খ) কলেজের  গ) হাসপাতালের  ঘ) বিশ্ববিদ্যালয়ের

০২। কীসের স্পর্শে মানুষের মনপ্রাণ সজীব, সতেজ ও সরাগ হয়ে উঠে?
ক) সাহিত্য  খ) অর্থ  গ) আনন্দ  ঘ) লাইব্রেরি

০৩। 'বইপড়া' প্রবন্ধে লেখক কীসের সমালোচনা করেছেন?
ক) শিক্ষার্থীর  খ) শিক্ষকের  গ) শিক্ষাব্যবস্থার  ঘ) সিলেবাসের

নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী দুটি প্রশ্নের উত্তর দাও:
নাসির সাহেব একটি লাইব্রেরি গড়ে তোলেন। তিনি মনে করেন যথার্থ শিক্ষিত হতে হলে মনে প্রসারতা দরকার- যা বই পড়ার মাধ্যমেই সম্ভব।

০৪। উদ্দীপকটি 'বই পড়া' প্রবন্ধের যে বিষয়ের সাথে সম্পর্কযুক্ত-
(i) বই পড়ার প্রয়োজনীয়তা  (ii) লাইব্রেরির গুরুত্ব  (iii) স্কুল-কলেজের গুরুত্ব
নিচের কোনটি সঠিক?
ক) i, ii  খ) i, iii  গ) ii, iii  ঘ) i, ii, iii

০৫। 'বই পড়া' প্রবন্ধে যে দিকটি উদ্দীপকে প্রকাশিত হয়েছে—
ক) সাহিত্যের সার্থকতা  খ) লাইব্রেরির গুরুত্ব  গ) সাহিত্যচর্চার গুরুত্ব  ঘ) হাসপাতালের গুরুত্ব

০৬। প্রমথ চৌধুরীর মতে কোনটি সাক্ষাৎভাবে উদরপূর্তির কাজে লাগে না?
ক) সাহিত্য  খ) লাইব্রেরি  গ) শিক্ষা  ঘ) জীবনীশক্তি

নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দাও:
রিমা একজন সচেতন মা। তাঁর একমাত্র মেয়ে আনু অষ্টম শ্রেণিতে পড়ে। তিনি আনুকে পাঠ্যবইয়ের পাশাপাশি অন্য বই পড়তে বলেন। বিভিন্ন উপলক্ষ্যে মেয়েকে বই উপহার দেন।

০৭। 'বই পড়া' প্রবন্ধের আলোকে রিমার মধ্যে কোন উদ্দেশ্যটি লক্ষণীয়?
ক) আনুকে যথার্থ শিক্ষিত করা  খ) আনুর জ্ঞান পরিপূর্ণ করা  গ) আনুর পরীক্ষার ফল ভালো করা  ঘ) আনুকে সকল বিষয়ে পারদর্শী করা

০৮। 'বই পড়া' প্রবন্ধের লেখকের ইচ্ছা আনুর মধ্যে প্রকাশিত হলে আনু—
(i) স্বশিক্ষিত হবে  (ii) নিষ্কর্মার দলভুক্ত হবে  (iii) আত্মার অপমৃত্যু থেকে রক্ষা পাবে
নিচের কোনটি সঠিক?
ক) I  খ) ii  গ) i, iii  ঘ) i, ii, iii

০৯। নিচের কোন রচনাটি আলাদা শ্রেণির?
ক) বই পড়া  খ) মমতাদি  গ) নিমগাছ  ঘ) সুভা

১০। সক্রেটিস বলেছেন 'আমি কাউকে শিক্ষা দিতে পারব না, শুধু তাদের চিন্তা করাতে পারব।" 'বইপড়া' প্রবন্ধের আলোকে সক্রেটিস কার প্রতিনিধি?
ক) বিদ্যাদাতা  খ) যথার্থ গুরু  গ) দাতাকর্ণ  ঘ) স্নেহময়ী মা

১১। 'বই পড়া' প্রবন্ধে উল্লিখিত মা চরিত্রটি কার/কীসের প্রতিনিধিত্ব করে?
ক) অভিভাবকের  খ) শিক্ষা পদ্ধতির  গ) শিক্ষকের  ঘ) শিক্ষা প্রণেতার

১২। প্রমথ চৌধুরীর সাহিত্যিক ছদ্মনাম কোনটি?
ক) বনফুল  খ) বীরবল  গ) নীল লোহিত  ঘ) পদ্মভূষণ

১৩। 'বই পড়া' প্রবন্ধে বই পড়ার অভ্যাস বৃদ্ধি করার জন্য লেখকের পরামর্শ কী ছিল?
ক) নিয়মিত বই কেনা  খ) বেশি বেশি লাইব্রেরি প্রতিষ্ঠা করা  গ) বেশি করে বই প্রকাশ করা  ঘ) বই বেচা-কেনার জন্য সেমিনার করা

১৪। আজকের বাজারে কোন শ্রেণির লোকের অভাব নেই?
ক) বিদ্বান  খ) বিদ্যাদাতা  গ) বিদ্যাগ্রহীতা  ঘ) বিদ্যানুরাগী

১৫। 'বই পড়া' প্রবন্ধে প্রমথ চৌধুরীর মতে, আমাদের নির্জীব করেছে কোনটি?
ক) অর্থ  খ) শিক্ষা  গ) শিক্ষক  ঘ) অভিভাবক

১৬। 'সুসার' শব্দের প্রকৃত অর্থ কোনটি?
ক) অভিভূত  খ) সচ্ছলতা  গ) যা বিকাশ ঘটায়  ঘ) গোছানোভাব

১৭। স্বশিক্ষা ও সুশিক্ষার অন্তরায়-
(i) জাতিকে সাহিত্যচর্চার আনন্দ বঞ্চিত করা  (ii) দুঃখ-দারিদ্র্য-সংকটপূর্ণ জীবন  (iii) পর্যাপ্ত লাইব্রেরি প্রতিষ্ঠা না করা
নিচের কোনটি সঠিক?
ক) i, ii  খ) ii, iii  গ) i, iii  ঘ) i, ii, iii

নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দাও:
দশম শ্রেণির ছাত্রী মিনা নিয়মিত লাইব্রেরিতে গিয়ে পড়াশোনা করে। অন্যদিকে তানিয়া মনে করে, লাইব্রেরিতে অন্য বই পড়লে সময় নষ্ট হবে, ক্লাসে প্রথম হওয়া যাবে না।

১৮। উদ্দীপকের মিনার কাজে 'বই পড়া' প্রবন্ধের কোন দিকটি হয়েছে?
ক) স্বশিক্ষিত হওয়া  খ) শখ পূরণ  গ) ঐশ্বর্য সন্ধান  ঘ) মনোবল বাড়ানো

১৯। উদ্দীপকের তানিয়ার মতো মানুষেরা-
(i) লাইব্রেরির গুরুত্ব অনুভব করে না  (ii) নিজের মন গড়ে তুলতে পারে না  (iii) সাহিত্যচর্চার সুফল সম্বন্ধে সন্দিহান
নিচের কোনটি সঠিক?
ক) i, ii  খ) i, iii  গ) ii, iii  ঘ) i, ii, iii

২০। 'বই পড়া' প্রবন্ধ অনুসারে "সেই গঙ্গাতে অবগাহন করেই আমরা আমাদের সকল পাপমুক্ত হব।" – বাক্যে 'পাপমুক্ত' বলতে কী বোঝানো হয়েছে?
ক) সর্ববিষয়ে জ্ঞান অর্জন  খ) মনের সংকীর্ণতা মুক্তি  গ) ধার্মিকতা ও পুণ্যলাভ  ঘ) সাহিত্য পাঠে অভ্যস্ততা

২১। 'সাহিত্যের মধ্যে আমাদের জাত মানুষ হবে'- বলতে লেখক কী বুঝিয়েছেন?
ক) মানসিক প্রফুল্লতা অর্জন  খ) মানবিক চেতনা সৃষ্টি  গ) বুদ্ধিবৃত্তিকে জাগানো  ঘ) মানসিক সুস্থতা লাভ

২২। নীতির চর্চা কোথায় হয়?
ক) গুহায়  খ) ঘরে  গ) জাদুঘরে  ঘ) লাইব্রেরিতে

২৩। প্রমথ চৌধুরীর মতে দর্শনের চর্চা কোথায় করা যায়?
ক) ঘরে  খ) জাদুঘরে  গ) লাইব্রেরিতে  ঘ) গুহায়

২৪। 'বইপড়া' প্রবন্ধ অনুসারে জাতির প্রাণে যথার্থ স্ফূর্তিলাভের উপায় কী?

ক) উদর পূর্তি করানোর মাধ্যমে খ) মনকে সজাগ ও সবল রাখা গ) শিক্ষার উল্টো টান টেনে ঘ) কাব্য চর্চা করা

২৫। 'বই পড়া' প্রবন্ধে লেখক লাইব্রেরিকে হাসপাতালের উপরে স্থান দিয়েছেন কেন?
ক) মানসিক সুস্থতার জন্য খ) শারীরিক সুস্থতার জন্য গ) উচ্চশিক্ষা অর্জনের জন্য ঘ) জ্ঞানে বড় হওয়ার জন্য

নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দাও:
মালিয়ারা গ্রামের কৃষক বিমলের প্রাতিষ্ঠানিক শিক্ষা না থাকলেও বিভিন্ন প্রক্রিয়ায় নিজেকে জানা এবং ঋদ্ধ হওয়া তাঁর সহজাত প্রবণতা। তাই তিনি নিজস্ব অর্থায়নে ও গ্রামের যুবকদের সহযোগিতায় গড়ে তোলেন জ্ঞানচর্চার পাদপীঠ পাঠাগার।

২৬। উদ্দীপকের বিমল চরিত্রের সাথে নিচের কোন বাক্যটি সম্পর্কযুক্ত?
ক) পাশ করা ও শিক্ষিত হওয়া এক বস্তু নয়। খ) যে জাতি মনে বড় নয়, সে জাতি জ্ঞানেও বড় নয়।
গ) সাহিত্যের মধ্যে আমাদের জাত মানুষ হবে। ঘ) সুশিক্ষিত লোক মাত্রই স্বশিক্ষিত।

২৭। বিমলের উদ্যোগ কোন সূত্রে 'বই পড়া' প্রবন্ধের লেখকের প্রত্যাশা পূরণ করে?
(i) মুখস্থ বিদ্যা বর্জন (ii) লাইব্রেরি প্রতিষ্ঠা (iii) সাহিত্যচর্চার মাধ্যমে শিক্ষিত হওয়া
নিচের কোনটি সঠিক?
ক) i, ii খ) i, iii গ) ii, iii ঘ) i, ii, iii

২৮। আজকের বাজারে অভাব নেই-
ক) বিদ্যাদাতার খ) দাতাকর্ণের গ) বিদ্যা গ্রহীতার ঘ) শিক্ষিতজনের

২৯। আমাদের দেশে লাইব্রেরির সার্থকতা কীসের চাইতে কম নয়?
ক) হাসপাতালের খ) স্কুলের গ) কলেজের ঘ) বিশ্ববিদ্যালয়ের

৩০। 'আমাদের শিক্ষাই আমাদেরকে নির্জীব করেছে'- এ কথা দ্বারা কী বোঝানো হয়েছে?
ক) আমাদের শিক্ষা পদ্ধতি ত্রুটিপূর্ণ খ) বই পড়লে মানুষ নিষ্কর্মা হয়ে যায় গ) বই পড়ায় প্রত্যক্ষ আয়ের ব্যবস্থা নেই ঘ) আমাদের পাঠচর্চার অভ্যাস নেই

নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দাও:
"বরিশালের বিখ্যাত দার্শনিক আরজ আলী মাতব্বর। তিনি পেশায় ছিলেন একজন কৃষক। তাঁর প্রাতিষ্ঠানিক শিক্ষা না থাকলেও তিনি এমন কিছু সাহিত্যকর্ম রেখে গেছেন, যা দর্শনশাস্ত্রের বড় বড় পন্ডিতরাও পারেন নি।"

৩১। উদ্দীপকের ভাবটি তোমার পঠিত কোন প্রবন্ধে পাওয়া যায়?
ক) বই পড়া খ) সাহিত্য রূপ ও রীতি গ) শিক্ষা ও মনুষ্যত্ব ঘ) পল্লিসাহিত্য

৩২। উদ্দীপকের ভাবটি নিচের কোন উক্তির জন্য প্রযোজ্য—
ক) পাশ করা ও শিক্ষিত হওয়া একবস্তু নয় খ) সুশিক্ষিত লোক মাত্রই স্বশিক্ষিত
গ) শিক্ষার অপ্রয়োজনীয় দিকটাই বেশি মূল্যবান ঘ) আত্মপ্রকাশের স্বাধীনতাই মুক্তি

৩৩। 'বই পড়া' প্রবন্ধের আলোকে শিক্ষা সম্পর্কে আমাদের বিশ্বাস কোন ধরনের?
ক) পরীক্ষা পাশ খ) বই পড়া গ) অর্থ প্রাপ্তি ঘ) সাহিত্য চর্চা

৩৪। একটি লাইব্রেরির বার্ষিক সভায় পঠিত হয়েছিল নিচের কোন প্রবন্ধটি?
ক) শিক্ষা ও মনুষ্যত্ব খ) পল্লিসাহিত্য গ) উপেক্ষিত শক্তির উদবোধন ঘ) বই পড়া

৩৫। ডাঃ অসীম চিকিৎসা বিষয়ক কয়েকটি বই কিনতে দোকানে গিয়েছিলেন। বই কেনার পর দোকানদার তাকে ভালো কবিতার বই দেখান। কিন্তু ডাঃ অসীম বলেন এ বই পড়া সময়ের অপচয়মাত্র। উদ্দীপকের ডাঃ অসীমের কথার প্রতিধ্বনি-
(i) শিক্ষার ফল হাতে হাতে পাওয়া যায় না (ii) কেউ স্বেচ্ছায় বই পড়লে আমরা তাকে নিষ্কর্মার দলে ফেলে দিই (iii) শিক্ষার ফল লাভের জন্য আমরা সকলে উদ্বাহ
নিচের কোনটি সঠিক?
ক) i, ii খ) i, iii গ) ii, iii ঘ) i, ii, iii

৩৬। 'ডেমোক্রেসির গুরুরা' বলতে প্রমথ চৌধুরী কাদের বুঝিয়েছেন?
ক) ফরাসি খ) ভারতীয় গ) ইংরেজ ঘ) আমেরিকান

৩৭। 'বই পড়া' প্রবন্ধে তৎকালীন স্কুল-কলেজের শিক্ষাকে মারাত্মক বলার কারণ কী?
ক) মুখস্থ বিদ্যা চর্চায় উৎসাহিত করে খ) সুশিক্ষিত হবার সুযোগ দেয় না গ) কেবল পাশ করতে উদ্বুদ্ধ করে ঘ) স্বশিক্ষিত হবার শক্তি নষ্ট করে দেয়

৩৮। সাহিত্যচর্চার আনন্দ থেকে বঞ্চিত হওয়ার অর্থ কী?
ক) জাতির জীবনীশক্তির হ্রাস করা খ) সমাজের জীবনীশক্তি হ্রাস করা গ) জ্ঞানের ভান্ডার শূন্য করা ঘ) ধনের ভান্ডার শূন্য করা

৩৯। একজন যথার্থ শিক্ষকের সার্থকতা সেখানে যদি শিক্ষার্থীর-
(i) খেলাধুলায় উন্নতি হয় (ii) আত্মা উদ্বোধিত হয় জাগ্রত হয় (iii) অন্তর্নিহিত প্রচ্ছন্ন শক্তি
নিচের কোনটি সঠিক?
ক) i, ii খ) ii, iii গ) i, iii ঘ) i, ii, iii

৪০। 'বইপড়া' প্রবন্ধটি কোন গ্রন্থ থেকে সংকলিত হয়েছে?
ক) গল্প-সংগ্রহ খ) প্রবন্ধ-সংগ্রহ গ) প্রবন্ধ-সংকলন ঘ) নির্বাচিত প্রবন্ধ

৪১। 'বই পড়া' প্রবন্ধে প্রাবন্ধিক সমালোচনা করেছেন-
ক) শিক্ষা ব্যবস্থার খ) শিক্ষা প্রতিষ্ঠানের গ) সাহিত্যের ঘ) শিক্ষার্থীর

## কবিতা ১ : বঙ্গবাণী

### বহুনির্বাচনি প্রশ্নমালা (নিজস্ব)

১। কবি আবদুল হাকিমের বিখ্যাত কাব্যগ্রন্থ কোনটি?
ক) লালমতি খ) কারবালা গ) নূরনামা ঘ) শহরনামা

২। 'যেই দেশে যেই বাক্য কহে নরগণ'- এ চরণে কবি কোন ভাষার প্রতি গুরুত্ব দিয়েছেন?
ক) সর্বভাষা খ) আরবি ভাষা গ) মাতৃভাষা ঘ) বাংলাভাষা

৩। আবদুল হাকিম কত সালে জন্মগ্রহণ করেন?
ক) ১৫২০ খ) ১৬২০ গ) ১৭২০ ঘ) ১৮২০

৪। 'সর্ববাক্য বুঝে প্রভু কিবা হিন্দুয়ানী'- চরণে 'হিন্দুয়ানী' বলতে বোঝায়-
ক) সংস্কৃত ভাষা খ) মাতৃভাষা গ) বাংলা ভাষা ঘ) ফারসি ভাষা

৫। 'বঙ্গবাণী' কবিতার নিচের কোন চরণে ক্ষোভ প্রকাশিত হয়েছে?
ক) সে সবে কহিল মোতে মনে হাবিলাষ খ) হিন্দুর অক্ষরে হিংসে সে সবের গণ গ) নিজ দেশ তেয়াগী কেন বিদেশ ন যায় ঘ) সে সব কাহার জন্ম নির্ণয় ন জানি

৬। 'বঙ্গবাণী' কবিতায় কবি নির্দ্বিধায় ব্যক্ত করেছেন-
ক) মাতৃভাষা প্রীতির কথা খ) স্বজাতির প্রতি অনুরাগের কথা গ) গভীর উপলব্ধি ও বিশ্বাসের কথা ঘ) পরগাছা স্বভাবের লোকের কথা

৭। মাতৃভাষায় বর্ণিত বক্তব্য আমাদের-
ক) হিতসাধন করে খ) ভাগ্য সুপ্রসন্ন করে গ) মর্ম স্পর্শ করে ঘ) ভাববিনিময়ে সহায়তা করে

৮। কবি আবদুল হাকিম রচিত কাব্য নয় কোনটি?
ক) রক্তরাগ খ) লালমতি গ) কারবালা ঘ) শহরনামা

৯। 'যেই দেশে যেই বাক্য কহে নরগণ' - এইখানে 'যেই বাক্য' বলতে কী বোঝায়?
ক) বাংলা ভাষা খ) মাতৃভাষা গ) সকল ভাষা ঘ) দেশিয় ভাষা

১০। 'মাতা-পিতামহ ক্রমে' কথাটির অর্থ কী?
ক) মাতাপিতার সঙ্গে খ) মাতাপিতার সূত্রে গ) মাতাপিতা মিলে ঘ) বংশপরম্পরায়

১১। 'হিন্দুর অক্ষর' বলতে কোন ভাষাকে বোঝানো হয়েছে?
ক) বাংলা খ) হিন্দি গ) সংস্কৃত ভাষা ঘ) সব ভাষা

১২। 'যত ইতি বাণী' বলতে কবি কী বোঝাতে চেয়েছেন?
ক) অন্য একটি ভাষা খ) অন্যান্য যত ভাষা গ) বাংলা ভাষা ঘ) মাতৃভাষা

১৩। 'আরবি ফারসি হিন্দে নাই দুই মত'- চরণে কবির কোন মনোভাব প্রকাশ পেয়েছে?
ক) সকল ভাষার অভিন্নতা খ) বাংলা ভাষার প্রতি মমত্ব গ) সকল ভাষার প্রতি শ্রদ্ধা ঘ) মাতৃভাষার প্রতি শ্রদ্ধা

১৪। 'বঙ্গদেশী বাক্য' বলতে কবি কী বুঝিয়েছেন?
ক) মাতৃভাষা খ) বাংলা ভাষা গ) বিদেশি ভাষা ঘ) মধ্যযুগীয় বাংলা ভাষা

১৫। 'নিজদেশ তেয়াগী কেন বিদেশ ন যায়'- এ কথায় প্রকাশ পেয়েছে কবির-
ক) বিদ্বেষ খ) রাগ গ) ক্ষোভ ঘ) ক্রোধ

১৬। বঙ্গবাণী কবিতায় আল্লাহপাকের যে বৈশিষ্ট্য বিদ্যমান-
i) আল্লাহপাক সর্বদর্শী ii) আল্লাহপাক নির্মল ও রূপহীন iii) আল্লাহপাক সব ভাষা বোঝেন
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৭। মাতৃভাষার প্রতি যাদের ভালোবাসা নেই তাদের সম্বন্ধে কবি আবদুল হাকিম উচ্চারণ করেছেন-
i) তারা শিকড়হীন পরগাছা ii) তারা জন্ম পরিচয়হীন iii) তারা নিজ দেশ ছেড়ে যেন বিদেশ চলে যায়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৮। 'যে সব বঙ্গেতে জন্মি হিংসে বঙ্গবাণী' বঙ্গবাণী কবিতা অনুসারে তারা -
i) অকৃতজ্ঞ ii) অজ্ঞাতকুলশীল iii) জন্ম-পরিচয়হীন
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৯। 'দেশ ভাষা বিদ্যা যার মনে ন জুয়ায়'/ 'দুগ্ধ স্রোতরূপী তুমি জন্মভূমি স্তনে' / 'বাংলার মাটি কত ভালবাসি'—উদ্দীপকের পঙ্ক্তিত্রয়ে মিল পাওয়া যায়—
i) ভাষাপ্রীতি ii) প্রকৃতিপ্রীতি iii) স্বদেশপ্রীতি
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

২০। 'বঙ্গবাণী' কবিতায় কবি আরবি-ফারসি ভাষার প্রতি কেমন মনোভাব প্রদর্শন করেছেন?
ক) সহনশীল খ) শ্রদ্ধাশীল গ) সমমর্যাদাপূর্ণ ঘ) বিদ্বেষ হীন

উদ্দীপকটি পড়ে ২১ ও ২২ নম্বর প্রশ্নের উত্তর দাও :
প্রতাপ বাবু তাঁর ছোট্ট মেয়েকে একটি কিন্ডারগার্ডেন স্কুলে ভর্তি করাতে গেলেন। স্কুলের তরুণ শিক্ষকদের সাথে কথা বলে তার মন খারাপ হলো। তারা এমনভাবে ইংরেজি মেশানো বাংলা বিকৃত উচ্চারণ করেছে যে, বিশুদ্ধ বাংলা ভাষা খুঁজে পাওয়াই যাচ্ছে না। তিনি মেয়েকে ভর্তি করাবেন না সিদ্ধান্ত নলেন।

২১। প্রতাপ বাবুর মন খারাপ হওয়া 'বঙ্গবাণী' কবিতার কবি আবদুল হাকিমের যে অনুভূতি প্রকাশ পেয়েছে তা হলো-
i. বিদেশি ভাষার প্রতি বিদ্বেষ ii. বাংলা ভাষার প্রতি ভালোবাসা iii. বাংলা ভাষা অবজ্ঞাকারীদের প্রতি বিদ্বেষ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

২২। প্রতাপ বাবুর অনুভূতির প্রকাশ ঘটেছে কোন চরণে?
ক) দেশি ভাষে বুঝিতে ললাটে পুরে ভাগ খ) বঙ্গদেশী বাক্য কিবা যত ইতি বাণী গ) আরবি ফারসি হিন্দে নাই দুই মত ঘ) সেই বাক্য বুঝে প্রভু আপে নিরঞ্জন

২৩। কবি আবদুল হাকিম কোন শতকের কবি?
ক) পঞ্চদশ খ) ষষ্ঠদশ গ) সপ্তদশ ঘ) অষ্টাদশ

২৪। আরবি ফারসি শাস্ত্রে কবি আবদুল হাকিমের রাগ না থাকার কারণ-
ক) ভাবার্থের অভিন্নতা খ) ধর্মীয় অনুভূতির প্রবলতা গ) দেশি ভাষার প্রতি অনুরাগ ঘ) সকল ভাষার প্রতি শ্রদ্ধাশীলতা

উদ্দীপকের আলোকে ২৫ ও ২৬ নম্বর প্রশ্নের উত্তর দাও :
এই যে, আমার দেশ আহা এই যে আমার বাড়ি এই বাংলাদেশের লাইগা আমি জীবন দিতে পারি।

২৫। উদ্দীপকের সাথে 'বঙ্গবাণী' কবিতার কোন চরণের সাদৃশ্য দেখা যায়?
ক) তে কাজে নিবেদি বাংলা করিয়া চান খ) যে সবেতে বঙ্গেতে জন্মি হিংসে বঙ্গবাণী গ) দেশী ভাষা উপদেশ মনে হিত অতি ঘ) মাতা পিতা ক্রমে বঙ্গেতে বসতি

২৬। উদ্দীপক ও 'বঙ্গবাণী' কবিতায় ফুটে উঠেছে-
i. দেশপ্রেম ii. মাতৃভাষার প্রতি ভালোবাসা iii. মাতৃভূমির প্রতি ভালোবাসা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৭। বাংলা ভাষা... / তুমি বাংলা মায়ের মুখের মধুর হাঁসি, / তাইতো প্রাণের চেয়েও বেশি ভালবাসি।-উক্ত কবিতাংশের ভাবার্থের সাথে 'বঙ্গবাণী' কবিতার যে চরণের মিলবন্ধন রয়েছে তা হলো-
ক) দেশী ভাষা উপদেশ মনে হিত অতি খ) মাতা পিতামহ ক্রমে বঙ্গেত বসতি গ) নিজ পরিশ্রম তোষী আমি সর্বজন ঘ) বঙ্গদেশী বাক্য কিবা যত ইতি বাণী

২৮। কবি আবদুল হাকিমের কবিতায় কোনটির পরিচয় মেলে?
ক) সুনিপুণ ছন্দের খ) অনুপম ব্যক্তিত্বের গ) কালজয়ী আদর্শের ঘ) চমৎকার উপমার

২৯। 'ছিফত' শব্দের অর্থ কী?
ক) নসিহত খ) গুণ গ) দোষ ঘ) বৈশিষ্ট্য

৩০। কবি আবদুল হাকিম কোন যুগের কবি?
ক) প্রাচীন খ) মধ্যযুগ গ) আধুনিক ঘ) মধ্যযুগের শেষ শতকের

৩১। কারা 'হিন্দুর অক্ষর' হিংসা করে?
ক) যারা মরমি সাধনা সম্পর্কে অবগত নয় খ) যারা সকল ভাষার প্রতি শ্রদ্ধাশীল গ) যারা মাতৃভাষাকে অবজ্ঞা করে ঘ) যারা সৃষ্টিতত্ত্ব সম্পর্কে অবগত নয়

৩২। সেই বাক্য বুঝে প্রভু আপে নিরঞ্জন, এ পঙ্‌ক্তিতে প্রকাশ পেয়েছে-
i. স্রষ্টার দক্ষতা ii. স্রষ্টার বোধগম্যতা iii. স্রষ্টার স্বরূপ
কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩৩। মারফত জ্ঞান যাদের নেই, তারা কোন ভাষাকে হিংসা করে?
ক) আরবি, ফারসি খ) সংস্কৃত গ) বাংলা ঘ) হিন্দি

৩৪। কবি কাদের বিদেশে চলে যেতে বলেছেন?
ক) দেশি ভাষায় যে কথা বলে না খ) দেশি ভাষার প্রতি যার শ্রদ্ধাবোধ নাই গ) দেশি ভাষায় যে সাহিত্য চর্চা করে না ঘ) অন্য ভাষার প্রতি যার শ্রদ্ধাবোধ নাই

উদ্দীপকের আলোকে ৩৫ ও ৩৬ নম্বর প্রশ্নের উত্তর দাও :
উদ্দীপক ১- "হে বঙ্গ ভান্ডারে তব বিবিধ রতন / তা সবে অবোধ আমি অবহেলা করি।"
উদ্দীপক ২- " প্রভাতফেরি, প্রভাতফেরি আমায় নেবে সঙ্গে / বাংলা আমার বচন, আমি জন্মেছি এই বঙ্গে?"

৩৫। 'উদ্দীপক ১'-এর সাথে 'বঙ্গবাণী' কবিতার কোন চরণটি সাদৃশ্যপূর্ণ?
ক) সর্ববাক্য বুঝে প্রভু আপে নিরঞ্জন খ) মারফত ভেদে যার নাহিক গমন গ) হিন্দুর অক্ষর হিংসে যে সবের গণ ঘ) যে সবে বঙ্গেতে জন্মি হিংসে বঙ্গবাণী

৩৬। 'উদ্দীপক-২' এবং 'বঙ্গবাণী' কবিতার কবির মনোভাবের সাথে যে দিকটি সাদৃশ্যপূর্ণ-
i. স্বভাষার প্রতি শ্রদ্ধা ii. স্বদেশের প্রতি ভালবাসা iii. বাংলা অবজ্ঞাকারীর প্রতি ক্ষোভ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩৭। 'বঙ্গবাণী' কবিতার প্রতিপাদ্য বিষয়-
i. দেশি ভাষার প্রতি মমত্ববোধ ii. বাংলা ভাষার প্রতি মমত্ববোধ iii. সকল ভাষার প্রতি মমত্ব প্রকাশ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩৮। কোন চরণ দ্বারা শেকড়হীন পরগাছা স্বভাবের লোকদের বোঝানো হয়েছে?
ক) হিন্দুর অক্ষর হিংসে সে সবের গণ খ) মারফত ভেদে যার নাহিক গমন গ) সে সব কাহার জন্ম নির্ণয় না জানি ঘ) দেশি ভাষা বিদ্যা যার মনে ন জুয়ায়

৩৯। 'ইতি বাণী' বলতে বুঝানো হয়েছে-
i. ইতর প্রাণীর ভাষা ii. সকলের মানুষের ভাষা iii. মানুষের ভাষা ব্যতিত অন্য ভাষা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৪০। কবি সৃষ্টিকর্তার গুণগানে প্রাধান্য দিয়েছেন-
ক) আরবি-ফারসি ভাষার খ) বাংলা ভাষার গ) মাতৃভাষার ঘ) সকল ভাষার

৪১। আল্লাহকে সম্যকভাবে জানার সাধনাকে বলা হয়-
i. মারফত জ্ঞান ii. মরমী সাধনা iii. প্রকৃত সাধনা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৪২। মধ্যযুগে এক শ্রেণির লোক তার নিজের আসল পরিচয় সম্পর্কে ছিল-
i. সন্দিহান ii. বিভ্রান্ত iii. সংকীর্ণচেতা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৪৩। মাতৃভাষায় বর্ণিত বক্তব্য আমাদের—
ক) হিত সাধন করে খ) ভাগ্য সুপ্রসন্ন করে গ) মনের ইচ্ছা পূরণ করে ঘ) মর্ম স্পর্শ করে

৪৪। 'বঙ্গবাণী' কবিতায় কবি ব্যক্ত করেছেন-
i. গভীর উপলব্ধি ii. বিশ্বাস iii. বলিষ্ঠ বাণী
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৪৫। সপ্তদশ শতকে এক শ্রেণির বিভ্রান্ত ছিল তাদের—
i. নিজের দেশ সম্পর্কে ii. নিজের অস্তিত্ব সম্পর্কে iii. নিজের আসল পরিচয় সম্পর্কে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৪৬। 'বঙ্গবাণী' কবিতায় প্রকাশ পেয়েছে-
i. মাতৃভাষার প্রতি প্রেম ii. অসাম্প্রদায়িক চেতনা iii. সকল ভাষার প্রতি শ্রদ্ধাশীলতা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৪৭। 'বঙ্গদেশী বাক্য কিবা যত ইতি বাণী'- এ চরণে কবি বুঝিয়েছেন-
ক) সকল মানুষের ভাষা খ) বাংলা ভাষাসহ অন্যান্য ভাষা গ) মানুষের ভাষা ব্যতীত অন্যান্য ভাষা ঘ) বাংলা ভাষা ব্যতীত অন্যান্য ভাষা

৪৮। 'সে সব কাহার জন্ম নির্ণয় ন জানি'—এ চরণে কবি আবদুল হাকিমের কোন মনোভাব ফুটে উঠেছে ?
ক) অভিমান খ) তিরস্কার গ) ক্রোধ ঘ) আক্ষেপ

## বোর্ড বহুনির্বাচনি প্রশ্নমালা (২০১৫-২০২৩)

নিচের উদ্দীপকটি পড়ে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দাও:
চিড়া বলো, মুড়ি বলো ভাতের সমান নয়। / মাসি বলো, পিসি বলো মায়ের সমান নয়।

০১। উদ্দীপকে 'বঙ্গবাণী' কবিতার কোন ভাষার গুরুত্বকে বোঝানো হয়েছে?
ক) আরবি খ) ফারসি গ) বাংলা ঘ) হিন্দি

২। উদ্দীপকের মূলভাব নিচের কোন চরণের সঙ্গে সাদৃশ্যপূর্ণ?
ক) দেশী ভাষা উপদেশ মনে হিত অতি। খ) আরবি ফারসি হিন্দে নাই দুই মত। গ) দেশী ভাষা বিদ্যা যার মনে ন জুয়ায়। ঘ) আরবি ফারসি শাস্ত্রে নাই কোন রাগ।

নিচের উদ্দীপকটি পড়ে পরবর্তী দুটি প্রশ্নের উত্তর দাও:
"বাংলা ভাষায় কাঁদি-হাসি / সকল ভাষা ভালবাসি।"

০৩। 'বঙ্গদেশী বাক্য' বলতে কবি বুঝিয়েছেন-
ক) বাংলা ভাষা খ) হিন্দি ভাষা গ) মাতৃভাষা ঘ) সকল ভাষা

০৪। কোন ভাষা মানুষ সহজে বুঝতে পারে?
ক) বাংলা ভাষা খ) আরবি ভাষা গ) দেশী ভাষা ঘ) আঞ্চলিক ভাষা
০৫। 'বঙ্গবাণী' কবিতার শেষ পঙক্তি কোনটি?
ক) নিজ দেশ তেয়াগী কেন বিদেশ ন যায়। খ) সে সব কাহার জন্ম নির্ণয় ন জানি। গ) সেই বাক্য বুঝে প্রভু আপে নিরঞ্জন। ঘ) দেশী ভাষা উপদেশ মনে হিত অতি।
০৬। 'বঙ্গবাণী' কবিতায় 'হিন্দুয়ানী' ভাষা বলতে কবি কোন ভাষাকে বুঝিয়েছেন?
ক) আরবি খ) বাংলা গ) ফারসি ঘ) হিন্দি
০৭। "সে সব কাহার জন্ম নির্ণয় ন জানি।"— কাদের সম্পর্কে কবি এমন মন্তব্য করেছেন?
(i) মাতৃভাষার প্রতি অবহেলা প্রদর্শনকারী (ii) মাতৃভূমির প্রতি অনুরাগহীনদের (iii) প্রকৃতির প্রতি অনুরক্তদের
নিচের কোনটি সঠিক?
ক) i, ii খ) i, iii গ) ii, iii ঘ) i, ii, iii
০৮। উদ্দীপকের শেষ পঙ্ক্তির ভাব 'বঙ্গবাণী' কবিতার কোন চরণের ভাবের অনুরূপ?
ক) 'দেশী ভাষে বুঝিতে ললাটে পুরে ভাগ' খ) 'মাতা পিতামহ ক্রমে বঙ্গেত বসতি'
গ) 'আরবি ফারসি হিন্দে নাই দুই মত' ঘ) 'দেশী ভাষা উপদেশ মনে হিত অতি'
০৯। উদ্দীপকের মূলভাবের মধ্যে 'বঙ্গবাণী' কবিতার যে বিষয় উপস্থাপিত হয়েছে, তা হলো-
(i) উদার মানসিকতা (ii) মাতৃভাষার বন্দনা (iii) বাংলা ভাষার প্রতি শ্রদ্ধা
নিচের কোনটি সঠিক?
ক) i, ii খ) i, iii গ) ii, iii ঘ) i, ii, iii
১০। 'মাতা-পিতামহ ক্রমে বঙ্গেত বসতি'– 'বঙ্গবাণী' কবিতার এ চরণে প্রকাশ পেয়েছে—
(i) দেশপ্রীতি (ii) প্রকৃতিপ্রীতি (iii) ভাষাপ্রীতি
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii গ) iii ঘ) i, ii
১১। 'বঙ্গবাণী' কবিতায় কারা হিন্দুর অক্ষরে হিংসে করে?
ক) দেশদ্রোহীরা খ) ভাষা বিদ্বেষীরা গ) নির্বোধরা ঘ) মারফতে জ্ঞানহীনরা
১২। 'বঙ্গবাণী' কবিতার মূল সুর-
(i) মানবপ্রেম (ii) ভাষাপ্রেম (iii) দেশপ্রেম
নিচের কোনটি সঠিক?
ক) i, ii খ) i, iii গ) ii, iii ঘ) i, ii, iii
১৩। কবিতাটি কোন কাব্যগ্রন্থ থেকে সংকলন করা হয়েছে?
ক) নূরনামা খ) শিহাবুদ্দিননামা গ) নসীহনামা ঘ) শহরনামা
১৪। কবিতায় কবি আবদুল হাকিম তীব্র ক্ষোভে যে বলিষ্ঠ বাণী উচ্চারণ করেছেন তা হলো-
ক) নিজ দেশ তেয়াগী কেন বিদেশ ন যায় খ) সে সব কাহার জন্ম নির্ণয় ন জানি
গ) হিন্দুর অক্ষরে হিংসে সে সবের গণ ঘ) যে সবে বঙ্গেত জন্মি হিংসে বঙ্গবাণী
১৫। "সেই বাক্য বুঝে প্রভু আপে নিরঞ্জন'—বলতে কী বোঝানো হয়েছে?
ক) স্রষ্টা সব ভাষা বোঝেন খ) আরবি ভাষা স্রষ্টার নিকট প্রিয় গ) মরমি সাধনা সব ভাষায় করা যায় ঘ) সব ভাষা স্রষ্টার নিকট গ্রহণযোগ্য
১৬। কবি আব্দুল হাকিম বাংলায় সাহিত্য রচনা করেন কাদের জন্য?
ক) বাংলা ভাষা বিদ্বেষীদের জন্য খ) যাদের মারফতে জ্ঞান নেই গ) যাদের কিতাব পড়ার অভ্যাস নেই ঘ) আরবি-ফারসিতে অনুরাগীদের জন্য
নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দাও:
বাঙালি হয়েও চুমকি বাংলাভাষাকে বিকৃত করে কথা বলে। বাংলার সাথে কখনো হিন্দি মেশায়, কখনো ইংরেজি। কোনো ধর্মীয় অনুরাগ নয়; নিছক মনগড়া আধুনিকতা আর আভিজাত্যবোধের ধারণা থেকে সে এ কাজ করে।
১৭। উদ্দীপকের চুমকির সাথে কবিতায় কাদের সাদৃশ্য পাওয়া যায়?
ক) মারফতভেদে জ্ঞানহীনদের খ) দেশি ভাষায় অতৃপ্তদের গ) হিন্দুর অক্ষর হিংসাকারীদের ঘ) আরবি-ফারসির প্রতি অনুগতদের
১৮। চুমকির মতো যারা, তাদের প্রতি কবিতায় প্রকাশিত হয়েছে -
(i) মারফত জ্ঞানদান (ii) ক্ষুব্ধ প্রতিক্রিয়া (iii) দেশ ত্যাগের আহ্বান
নিচের কোনটি ঠিক?
ক) i, ii খ) i, iii গ) ii, iii ঘ) i, ii, iii
১৯। কোন ভাষার প্রতি কবি আবদুল হাকিমের মোটেই বিদ্বেষ নেই?
ক) আরবি-হিন্দি খ) বাংলা-ফারসি গ) হিন্দি-বাংলা ঘ) আরবি-ফারসি
২০। কবিতায় কবি কাদেরকে দেশ ত্যাগের কথা বলেছেন?
ক) বাংলা ভাষাকে যারা হিংসা করে খ) মারফত জ্ঞান যার নেই গ) যাদের বই পড়ার অভ্যাস নেই ঘ) ভিনদেশি ভাষাপ্রেমী যারা
২১। কবিতায় কবি কাদের জন্ম পরিচয় সম্পর্কে সন্দেহ প্রকাশ করেছেন?
ক) মারফত জ্ঞানহীন খ) মাতৃভাষা বিদ্বেষী গ) বাংলাভাষা হিংসাকারী ঘ) বিদেশি ভাষা প্রেমী
২২। কবিতায় কবি 'হিন্দুর অক্ষর' বলতে কোন ভাষার অক্ষরকে বুঝিয়েছেন?
ক) বাংলা খ) আরবি গ) ফারসি ঘ) হিন্দি
২৩। "নিজ দেশ তেয়াগী কেন বিদেশ ন যায়।"- চরণটিতে কী প্রকাশ পেয়েছে?
ক) অবজ্ঞা খ) তীব্র ঘৃণা গ) শত্রুতা ঘ) মাতৃভাষা প্রীতি
২৪। দেশি ভাষায় যার মন জুড়ায় না থাকে কবি কী করতে বলেছেন?
ক) মাতৃভাষাকে ভালোবাসতে খ) মাতৃভাষার চর্চা করতে গ) কিতাব পড়তে ঘ) দেশ ত্যাগ করতে
নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দাও:
মি. তারেক লন্ডন থেকে পড়াশোনা করে এসে সবসময় ইংরেজিতে কথা বলেন। সবাই তাঁকে বাংলায় কথা বলতে বললে তিনি বলেন বাংলায় কথা বলতে আমার ভালো লাগে না।
২৫। উদ্দীপকের তারেকের মধ্যে কবিতার বিষয়বস্তুর কোন দিকটি অনুপস্থিত?
ক) মাতৃভূমির প্রতি মমতা খ) মাতৃভাষার প্রতি মমতা গ) মাতৃভাষার প্রতি ঘৃণা ঘ) ইংরেজি ভাষার প্রতি ঘৃণা
২৬। উদ্দীপকের তারেকের মধ্যে আবদুল হাকিমের কোন উক্তিটি প্রযোজ্য?
ক) যেই দেশে যেই বাক্য কহে নরগণ।। সেই বাক্যে বুঝে প্রভু আপে নিরঞ্জন।। খ) মাতা পিতামহ ক্রমে বঙ্গেত বসতি। দেশী ভাষা উপদেশ মনে হিত অতি।।
গ) আরবি ফারসি শাস্ত্রে নাই কোন রাগ। দেশী ভাষো বুঝিতে ললাটে পুরে ভাগ।। ঘ) দেশী ভাষা বিদ্যা যার মনে ন জুয়ায়। নিজ দেশ তেয়াগী কেন বিদেশ ন যায়।।
নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দাও: করিম সন্তানকে ইংরেজি মাধ্যমে পড়াবে। তাই সে মাম্মি, ড্যাডি, আংকেল শব্দগুলো সন্তানকে শেখায়। মা, বাবা, চাচা-এই শব্দগুলো শোনা, বলা ও চর্চা করা থেকে সে সন্তানকে দূরে রাখে। কিন্তু মা বলেন, বিদেশি শব্দে কোনো প্রাণ নেই। বরং আমাদের দেশি শব্দেই আবেগের প্রকাশ ঘটে বেশি।

২৭। করিমের ক্ষেত্রে 'বঙ্গবাণী' কবিতার যে চরণ প্রযোজ্য তা হলো-
(i) সে সব কাহার জন্ম নির্ণয় ন জানি (ii) নিজ দেশ তেয়াগী কেন বিদেশ ন যায় (iii) দেশী ভাষা উপদেশ মনে হিত অতি
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii গ) i, ii ঘ) ii, iii
২৮। উদ্দীপকে মায়ের মনোভাবে 'বঙ্গবাণী' কবিতার কোন বৈশিষ্ট্যের প্রতিফলন ঘটেছে?
ক) উদারতা খ) মাতৃভাষা প্রীতি গ) মারফত জ্ঞান সম্পন্ন ঘ) সর্বভাষায় শ্রদ্ধাশীল

# কবিতা ২ : কপোতাক্ষ নদ

**বহুনির্বাচনি প্রশ্নমালা (নিজস্ব)**

১। কপোতাক্ষ নদ কবিতায় মোট মাত্রার সংখ্যা কত?
ক) ১৮২ খ) ১৯৬ গ) ২১০ ঘ) ২২৪
২। 'কপোতাক্ষ নদ' কবিতার প্রধান বাহন কী?
ক) চিত্রকল্প খ) ভাব গ) ভাষা ঘ) কাহিনী
৩। মাইকেল মধুসূধন দত্ত কত সালে খৃস্টধর্মে দীক্ষিত হন?
ক) ১৮৪২ সালে খ) ১৮৫৩ সালে গ) ১৮৩৩ সালে ঘ) ১৮৪৫ সালে
৪। মাইকেল মধুসূধন দত্তের অমর কীর্তি কোনটি? / আধুনিক বাংলা সাহিত্যের সার্থক মহাকাব্য কোনটি?
ক) বীরাঙ্গনা কাব্য খ) শর্মিষ্ঠা কাব্য গ) মেঘনাবধ কাব্য ঘ) ব্রজঙ্গনা কাব্য
৫। 'কপোতাক্ষ নদ' কোন জাতীয় কবিতা?
ক) সনেট খ) গীতিকবিতা গ) পয়ার ঘ) লিমেরিক
৬। 'ভ্রান্তির ছলনে' অর্থ কী?
ক) ভুলের ছলনায় খ) আশার ছলনায় গ) পাওয়ার আশায় ঘ) হারাবার ভয়
৭। কোথায় বসবাসকালে কবির মনে জন্মভূমির বেদনাবিধুর স্মৃতি জেগে ওঠে?
ক) যুক্তরাষ্ট্রে খ) যুক্তরাজ্যে গ) ফ্রান্সে ঘ) রাশিয়ায়
৯। 'কপোতাক্ষ নদ' কবিতাটির উৎস কী?
ক) তিলোত্তমাসম্ভব কাব্য খ) বীরাঙ্গনা কাব্য গ) চতুর্দশপদী কবিতাবলি ঘ) ব্রজঙ্গনা কাব্য
১০। 'কপোতাক্ষ নদ' কবিতায় স্মৃতিকাতরতার আবরণে কোন বিষয়টি প্রকাশিত হয়েছে? / 'কপোতক্ষ নদ' কবিতায় কবির কোন অনুভুতি প্রবলভাবে ফুটে উঠেছে?
ক) দেশপ্রেম খ) মাতৃভাষা প্রীতি গ) শৈশব স্মৃতি ঘ) প্রবাস জীবনের কষ্ট
১১। অষ্টকে কী থাকে?
ক) ভাবের প্রবর্তনা খ) ভাবের পরিণতি গ) ভাবের মিশ্রতা ঘ) ভাবের গাঢ়তা
১২। বুড়ো শালিকের ঘাড়ে রোঁ, একেই বলে সভ্যতা- কী ধরনের রচনা?
ক) কাব্য খ) প্রহসন গ) নাটক ঘ) ট্রাজেডি
১৩। সনেটের বৈশিষ্ট্য কী?
ক) আট চরণ, চৌদ্দ মাত্রা খ) চৌদ্দ চরণ, চৌদ্দ মাত্রা গ) আট চরণ, আট মাত্রা ঘ) ছয় চরণ, ছয় মাত্রা
১৪। 'সততা তোমার কথা ভাবি এ বিরলে।' - কবি কার কথা ভাবেন?
ক) কপোতাক্ষ নদ খ) সাগরদাঁড়ি গ্রাম গ) মাতৃভূমি ঘ) বঙ্গজ জন
১৫। যে কোন চতুর্দশপদী কবিতার শেষ ছয় চরণের অন্ত্যমিল –
i) ঘঙচ ঘঙচ ii) ঘঙ ঘঙ চচ iii) গঘ গঘ গঘ
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii গ) i ও ii ঘ) i, ii ও iii
১৬। 'কপোতাক্ষ নদ' কবিতাটি কোন ধরনের চতুর্দশপদী কবিতা?
ক) বাস্তবধর্মী খ) স্মৃতিচারণমূলক গ) কল্পনামূলক ঘ) প্রহসনমূলক
১৭। ঘঙ ঘঙ চচ- একটি চতুর্দশপদী কবিতার কোন চরণের অন্তমিল?
ক) শেষ ছয় চরণের খ) প্রথম আট চরণের গ) মধ্য চরণের ঘ) সমস্ত কবিতার
১৮। কপোতাক্ষের কল কল ধ্বনিতে কবির কোনটি জুড়ায়?
ক) চোখ খ) হৃদয় গ) কান ঘ) মণ
১৯। বাংলায় অমিত্রাক্ষর ছন্দের প্রবর্তক কে?
ক) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর খ) রবীন্দ্রনাথ ঠাকুর গ) মাইকেল মধুসূধন দত্ত ঘ) ভারত চন্দ্র
২০। 'কপোতাক্ষ নদ' প্রজা হিসেবে রাজারূপে কাকে কর দেয়?
ক) কবিকে খ) কবির জন্মভূমিকে গ) সাগরকে ঘ) গ্রামীণ প্রকৃতিকে
২১। 'আর কি হবে দেখা?'- কবি কার সাথে দেখা হবার বাসনা ব্যক্ত করেছেন?
ক) মাতৃভূমি খ) কপোতাক্ষ নদ গ) বন্ধু-বান্ধব ঘ) পিতা-মাতা
২২। 'কপোতাক্ষ নদ' কবিতায় মধুসূধন দত্তের কবি মনের কোন দিকটি প্রকাশ পেয়েছে?
ক) প্রেম খ) বিরহ গ) স্মৃতিকাতরতা ঘ) অস্থিরতা
২৩। 'কপোতাক্ষ নদ' রচনাকালে কবি কোথায় অবস্থান করছিলেন?
ক) বাংলাদেশ খ) ভারত গ) ইংল্যান্ড ঘ) ফ্রান্স
২৪। যেটি প্রবর্তন করে মধুসূধন দত্ত বাংলা কাব্য সাহিত্যে নতুন মাত্রা যোগ করেন তা হচ্ছে?
i) অমিত্রাক্ষর ছন্দ ii) সনেট প্রবর্তন iii) অন্ত্যমিল
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii গ) i ও ii ঘ) i, ii ও iii
২৫। কপোতাক্ষের কাছে কবি বন্ধুভাবে কী মিনতি করেছেন?
ক) কপোতাক্ষ নদ যেন তাকে না ভোলে খ) সবিনয় মিনতি
গ) কপোতাক্ষ নদ যেন তাকে প্রেমভাবে স্বস্নেহে স্মরণ করে ঘ) কপোতাক্ষ নদ যেন তাকে ঘৃণা করে
২৬। কেমনভাবে কবি কপোতাক্ষকে স্নেহের সহিত স্বরণ করে?
ক) বন্ধুবেশে খ) বন্ধুভাবে গ) বিনয়ের সাথে ঘ) স্মৃতিকাতর হয়ে
২৭। ফ্রান্সে বসবাসকালে কবির মনে কাতরতা জাগিয়েছে কী?

ক) কপোতাক্ষের স্মৃতি খ) স্বদেশপ্রেম গ) শৈশব কৈশোরের বেদনামধুর স্মৃতি ঘ) মাতৃভূমির স্মৃতি

২৮। 'কপোতক্ষ নদ' কবিতার অষ্টক ভাবের মূলকথা কোনটি?
ক) দেশপ্রেম খ) স্মৃতিকাতরতা গ) কপোতক্ষের প্রতি মমতা ঘ) ভ্রান্ত আবেগ

২৯। বাংলা সাহিত্যে প্রথম সার্থক ট্রাজেডি নাটক কোনটি?
ক) পদ্মাবতী খ) শর্মীষ্ঠা গ) কৃষ্ণকুমারী ঘ) বসন্তকুমারী

৩০। কপোতাক্ষ নদ কবিকে কিসের স্নেহডোরে বেধেছে?
ক) নদীর খ) দেশের গ) প্রেমের ঘ) মায়ের

৩১। কোন ভাষার মাধ্যমে কবির যথার্থ কবি প্রতিভার স্ফুর্তি ঘটেছে?
ক) ইংরেজী খ) বাংলা গ) হিন্দি ঘ) ফরাসি

৩২। কবি 'মায়া মন্ত্র ধ্বনি' বলতে কী বুঝিয়েছেন?
ক) স্মৃতিপূর্ণ ধ্বনি খ) মমতাপূর্ণ আহবান গ) কপোতাক্ষের কল কল ধ্বনি ঘ) আবেগপূর্ণ ডাক

৩৩। লোক কখন মায়া মন্ত্র ধ্বনি শুনতে পান?
ক) ভ্রান্তির ছলনায় খ) নিশার স্বপ্নে গ) সর্বদা ঘ) ঘুমের ঘোরে

৩৪। 'কপোতাক্ষ নদ' কবিতার শেষ ছয় চরণের অন্তমিল কীরূপ?
ক) ঘঙচ ঘঙচ খ) ঘঙ ঘঙ চচ গ) গঘ গঘ গঘ ঘ) গঘ গঘ ঘগ

৩৫। 'কপোতাক্ষ নদ' কবিতায় স্নেহের তৃষ্ণা হচ্ছে—
i) কপোতাক্ষের মমত্ববোধ ii) কপোতাক্ষের প্রতি ভালোবাসা iii) কপোতাক্ষকে কাছে পাওয়ার আকুলতা
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii গ) i ও ii ঘ) i, ii ও iii

৩৬। 'নয়ন সমুখে তুমি নাই। / নয়নের মাঝখানে নিয়েছ যে ঠাঁই'
উদ্দীপকের ভাবটি ফুটে উঠেছে কোন চরণে?
ক) জুড়াই এ কান আমি ভ্রান্তির ছলনে! খ) দুগ্ধ-স্রোতরূপী তুমি জন্মভূমি-স্তনে! গ) কিন্তু এ স্নেহের তৃষ্ণা মেটে কার জলে? ঘ) সতত, হে নদ, তুমি পড় মোর মনে!

৩৭। 'কপোতাক্ষ নদ' কবিতায় অন্তর্নিহিত ভাব কোনটি?
ক) স্মৃতিকাতরতা খ) দেশপ্রেম গ) প্রকৃতিপ্রেম ঘ) অনুশোচনা

৩৮। 'নাম তার, এ প্রবাসে মজি প্রেম-ভাবে/লছে যে তব নাম বঙ্গের সংগীতে।' - এ চিত্রকল্পে যা ফুটে উঠেছে তা হল-
ক) বিরহের ব্যাকুলতা খ) সান্নিধ্যের উদ্বেলতা গ) বিচ্ছেদের প্রতিকূলতা ঘ) ভালোবাসার আকুলতা

৩৯। কবি 'ভ্রান্তির ছলনা' বলেছেন কাকে?
ক) নিশার স্বপনকে খ) কলকল ধ্বনিকে গ) বিদেশ চেতনাকে ঘ) কপোতাক্ষ নদকে

৪০। 'কপোতাক্ষ নদের কাছে কবির মিনতির মাঝে তাঁর মনের কোন পরিচয় পাওয়া যায়?
ক) হতাশা খ) গভীর অনুরাগ গ) বিরহ ঘ) হাহাকার

৪১। 'আর কি হে হবে দেখা? যত দিন যাবে'- এখানে কবি মনের কোন অনুভূতি প্রকাশিত হয়েছে?
ক) ভয় খ) সংশয় গ) বেদনা ঘ) মোহ

৪২। 'সতত, হে নদ, তুমি পড় মোর মনে'- এ চিত্রকল্পে কী ফুটে উঠেছে?
ক) বিরহ খ) স্মৃতিচারণ গ) ব্যাকুলতা ঘ) চৈতন্য-উদয়

৪৩। 'বহু দেশ দেখিয়াছি বহু নদ-দলে/কিন্তু এ স্নেহের তৃষ্ণা মিটে কার জলে? - চরণদ্বয়ের মিলবিন্যাস-
ক) কখ খ) খখ ঘ) খক ঘ) গঘ

৪৪। চতুর্দশপদী কবিতা কোন ছন্দে রচিত?
ক) অমিত্রাক্ষর খ) মাত্রাবৃত্ত গ) অক্ষরবৃত্ত ঘ) স্বরবৃত্ত

৪৫। মাইকেলের অনুতাপবোধ প্রকাশ পেয়েছে নিম্নের কোন চরণে?
ক) বহু দেশ দেখিয়াছি বহু নদ-দলে খ) লইছে যে তব নাম বঙ্গের সংগীতে গ) নিশার স্বপনে শোনে মায়া মন্ত্রধ্বনি ঘ) কিন্তু এ স্নেহের তৃষ্ণা মিটে কার জলে

৪৬। কিন্তু এ স্নেহের তৃষ্ণা মিটে কার জলে? -এ উক্তিটিতে প্রকাশ পেয়েছে কপোতাক্ষের প্রতি কবির –
i) মমতা ii) অনুরাগ iii) অনুশোচনা
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii গ) i ও ii ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ে ৪৭ ও ৪৮ নং প্রশ্নের উত্তর দাও:
অতীত দিনের স্মৃতি, কেউ ভোলে না কেউ ভোলে, / কেউ দু:খ লয়ে কাঁদে /কেউ ভুলিতে গায় গীতি...

৪৭। অনুচ্ছেদে 'কপোতাক্ষ নদ' কবিতার কোন বিশেষ দিকটি প্রকাশ পেয়েছে?
ক) অতীতের কল্পনা খ) কষ্টের দিনগুলো গ) সুখের স্মৃতিচারণ ঘ) বিরহের কাতরতা

৪৮। উক্ত বিশেষ দিকটি নিচের কোন চরণে প্রকাশ পেয়েছে?
ক) দুগ্ধ-স্রোতরূপী তুমি জন্মভূমি-স্তনে খ) সতত, হে নদ, তুমি পড় মোর মনে গ) লইছে যে তব নাম বঙ্গের সংগীতে ঘ) কিন্তু এ স্নেহের তৃষ্ণা মিটে কার জলে

৪৯। 'কপোতাক্ষ নদ' কবিতার কোন অংশে কবিচিত্তের সংশয় প্রকাশ পেয়েছে?
ক) অষ্টকের প্রথম চার চরণে খ) অষ্টকের শেষ চার চরণে গ) ষষ্টকের প্রথম তিন চরণে ঘ) ষষ্টকের শেষ তিন চরণে

৫০। নমঃ নমঃ নমঃ সুন্দরী মম জননী বঙ্গভূমি ! / গঙ্গার তীর, স্নিগ্ধ সমীর, জীবন জুড়ালে তুমি ।-চরণদ্বয়ের ভাবার্থে 'কপোতাক্ষ নদ' কবিতার কোন তাৎপর্য প্রকাশ পায় ?
ক) স্মৃতিকাতরতা খ) মাতৃভাষাপ্রীতি গ) স্বদেশপ্রেম ঘ) স্বাজাত্যবোধ

## বোর্ড বহুনির্বাচনি প্রশ্নমালা (২০১৫-২০২৩)

নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দাও:
সেই মনে পড়ে জ্যৈষ্ঠের ঝড়ে রাত্রে নাহিকো ঘুম, অতি ভোরে উঠি তাড়াতাড়ি ছুটি আম কুড়াবার ধুম।

০১। কবিতাংশটি তোমার পঠিত কোন কবিতার ভাবকে ধারণ করেছে?
ক) সেই দিন এই মাঠ খ) কপোতাক্ষ নদ গ) পল্লিজননী ঘ) আমার পরিচয়

০২। উক্ত ভাব যে চরণে প্রতিফলিত—
ক) পৃথিবীর এসব গল্প বেঁচে রবে চিরকাল খ) ওরে মুখপোড়া কোথা গিয়েছিলি এমনি এ কালি সাঁঝে
গ) আমি বাংলার আলপথ দিয়ে হাজার বছর চলি ঘ) কিন্তু এ স্নেহের তৃষ্ণা মিটে কার জলে

নিচের উদ্দীপকটি পড়ে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দাও:
"নমঃ নমঃ নমঃ সুন্দরী মম জননী বঙ্গভূমি
গঙ্গার তীর, স্নিগ্ধ সমীর, জীবন জুড়ালে তুমি।"

০৩। উদ্দীপকে 'কপোতাক্ষ নদ' কবিতার কোন ভাবটি ধরা পড়েছে?

ক) দেশপ্রেম খ) স্মৃতিকাতরতা গ) মিনতি ঘ) সংশয়

০৪। সাদৃশ্যপূর্ণ ভাবটি প্রকাশ পেয়েছে কোন চরণে?
ক) আর কি হে হবে দেখা? খ) গাবে বঙ্গজ জনের কানে গ) দুগ্ধ-স্রোতোরূপী তুমি জন্মভূমি-স্তনে। ঘ) সতত, হে নদ, তুমি পড় মোর মনে!

০৫। 'আর কি হে হবে দেখা?'-এখানে কবিমনের কী অনুভূতি প্রকাশ পেয়েছে?
ক) সংশয় খ) আক্ষেপ গ) সন্দেহ ঘ) বেদনা

০৬। মাইকেল মধুসূদন দত্তের অমর কীর্তি কোনটি?
ক) ব্রজাঙ্গনা কাব্য খ) বীরাঙ্গনা কাব্য গ) মেঘনাদ বধ কাব্য ঘ) তিলোত্তমাসম্ভব কাব্য

০৭। বাংলা ভাষায় মধুসূদন দত্ত প্রবর্তিত ছন্দ কোনটি?
ক) স্বরবৃত্ত খ) অমিত্রাক্ষর গ) গদ্য ছন্দ ঘ) মাত্রাবৃত্ত

০৮। "কপোতাক্ষ নদ" কবিতার শেষ পক্তি কোনটি?
ক) জুড়াই একোন আমি ভ্রান্তির ছলনে! খ) দুগ্ধ-স্রোতোরূপী তুমি জন্মভূমি-স্তনে গ) বঙ্গজ জনের কানে, সখে, সখা-রীতে ঘ) লইছে যে নাম তব বঙ্গের সংগীতে

০৯। 'কপোতাক্ষ নদ' কবিতায় কবি সাগরকে কীরূপে কল্পনা করেছেন?
ক) রাজা খ) প্রজা গ) মাতা ঘ) সখা

১০। 'কপোতাক্ষ নদ' কবিতায় কবির কাছে মায়া-মন্ত্রধ্বনি হলো, কপোতাক্ষ নদের-
ক) চির চলমানতা খ) কলকল শব্দ গ) দুগ্ধ রূপ স্রোত ঘ) অম্লান স্মৃতি

১১। প্রবাস জীবনে কবি কাকে প্রেমভাবে স্মরণ করেছেন?
ক) বঙ্গভূমিকে খ) বঙ্গবাসীকে গ) রাজা-প্রজাকে ঘ) কপোতাক্ষ নদকে

১২। সনেটের ষষ্টকে কী থাকে?
ক) ভাবের উদ্ভব খ) ভাবের প্রবর্তনা গ) ভাবের পরিণতি ঘ) ভাবের উচ্ছ্বাস

১৩। 'কপোতাক্ষ নদ' কবিতার অষ্টকের মিলবিন্যাস কী?
ক) কখ খক কখ খক খ) কখ কখ কখ কখ গ) কখ খগ কখ খগ ঘ) কখ কখ কখ খক

১৪। কপোতাক্ষ নদের জলকে কবি কীসের সাথে তুলনা করেছেন?
ক) নিশার স্বপন গ) মায়া-মন্ত্রধ্বনি খ) স্নেহের তৃষ্ণা ঘ) মাতৃ দুগ্ধ

নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দাও:
'অমর্ত্য সেন নোবেল পুরস্কার লাভ করে তার প্রিয় জন্মভূমি বাংলাদেশে বেড়াতে আসেন। হাজারো কর্ম-ব্যস্ততার মধ্যেও তিনি ছুটে যান শৈশবের স্মৃতি-বিজড়িত বিদ্যাপীঠে, শ্রদ্ধাভরে স্মরণ করেন তাঁর দীক্ষা গুরুদের। যাঁদের কাছে তিনি হাতে খড়ি নিয়েছিলেন।

১৫। উদ্দীপকে অমর্ত্য সেন ও মাইকেল মধুসূদন দত্তের মধ্যে সাদৃশ্য কিসে?
ক) স্মৃতিকাতরতায় খ) স্বজাত্যবোধে গ) দেশপ্রেমে ঘ) মহানুভবতায়

১৬। উক্ত দিকটি বিশেষভাবে প্রকাশিত হয়েছে যে চরণে-
ক) কিন্তু এ স্নেহের তৃষ্ণা মিটে কার জলে? খ) সতত, হে নদ, তুমি পড় মোর মনে! গ) জুড়াই এ কান আমি ভ্রান্তির ছলনে! ঘ) লইছে যে নাম তব বঙ্গের সংগীতে।

১৭। 'কপোতাক্ষ নদ' কবিতায় স্মৃতিকাতরতার আবরণে কোন বিষয়টি প্রকাশ পেয়েছে?
ক) অত্যুজ্জ্বল দেশপ্রেম খ) শৈশবস্মৃতি গ) নদীর প্রতি ভালোবাসা ঘ) প্রকৃতির প্রতি মমতা

১৮। সনেটের অষ্টকে কী থাকে?
ক) স্মৃতিকাতরতা খ) অত্যুজ্জ্বল দেশপ্রেম গ) ভাবের পরিণতি ঘ) ভাবের প্রবর্তনা

১৯। "আর কি হে হবে দেখা? - যত দিন যাবে"_ 'কপোতাক্ষ নদ' কবিতার এই পঙ্ক্তির মাধ্যমে কবির কোন মনোভাব প্রকাশ পেয়েছে?
ক) আকাঙ্ক্ষা খ) আক্ষেপ গ) আশঙ্কা ঘ) আফসোস

২০। 'কপোতাক্ষ নদ' কবিতার কবির কাছে 'ভ্রান্তির ছলনা' কোনটি?
ক) স্নেহের তৃষ্ণা খ) নিশার স্বপন গ) মায়া-মন্ত্রধ্বনি ঘ) কপোতাক্ষের কলকল ধ্বনি

২১। 'কপোতাক্ষ নদ' কবিতার প্রেক্ষাপটে জন্মভূমির নদ কবিকে কোন স্নেহডোরে বেঁধেছে?
ক) হৃদয় কাতরতার খ) বঙ্গজ জনের গ) জন্মভূমির ঘ) মায়ের

২২। 'কপোতাক্ষ নদ' কবিতার কোন চরণের মধ্যে সংশয়বোধ প্রকাশ পেয়েছে?
ক) সতত, হে নদ, তুমি পড় মোর মনে খ) বহুদেশে দেখিয়াছি বহু নদ-দলে গ) আর কি হে হবে দেখা? যত দিন যাবে ঘ) লইছে যে নাম তব বঙ্গের সংগীতে

২৩। "পুরোনো সেই দিনের কথা ভুলবি কিরে হায় / ও সেই চোখের দেখা প্রাণের কথা সেই কি ভোলা যায়?"
উদ্দীপকে চিত্রায়িত ভাবনা কোন কবির ভাবনাকে পরিস্ফুটিত করে?
ক) মাইকেল মধুসূদন দত্ত খ) রবীন্দ্রনাথ ঠাকুর গ) লালন শাহ ঘ) কাজী নজরুল ইসলাম

নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দাও:
জানিনে তোর ধন রতন/ আছে কিনা রাণীর মতন / শুধু জানি আমার অঙ্গ / জুড়ায় তোমার ছায়ায় এসে

২৪। উদ্দীপকে ফুটে ওঠা ভাবটি হলো-
ক) প্রকৃতিপ্রেম খ) সৌন্দর্য বন্দনা গ) দেশপ্রেম ঘ) আবেগ

২৫। উক্ত ভাবটি নিচের কোন রচনায় খুঁজে পাওয়া যায়?
ক) আম-আঁটির ভেঁপু খ) সেইদিন এই মাঠ গ) আমার পরিচয় ঘ) কপোতাক্ষ নদ

২৬। 'কপোতাক্ষ নদ' কবিতায় 'রাজা' কাকে বলা হয়েছে?
ক) কপোতাক্ষ নদকে খ) সাগরকে গ) নদীকে ঘ) কবির গ্রামকে

২৭। "কিন্তু এ স্নেহের তৃষ্ণা মিটে কার জলে? / দুগ্ধ স্রোতরূপী তুমি জন্মভূমি-স্তনে।"-পঙক্তিদ্বয়ে ফুটে উঠেছে-
(i) দেশপ্রেম (ii) স্মৃতিকাতরতা (iii) হৃদয়ের কাতরতা
নিচের কোনটি সঠিক?
ক) i, ii খ) i, iii গ) ii, iii ঘ) i, ii, iii

২৮। 'কফি হাউজের সেই আড্ডাটা আজ আর নেই, / আজ আর নেই, / কোথায় হারিয়ে গেল সোনালি বিকেলগুলো সেই / আজ আর নেই। -
উদ্দীপকে "কপোতাক্ষ নদ" কবিতার কোন দিকটি প্রতিফলিত হয়েছে?
ক) দেশপ্রেম খ) স্মৃতি কাতরতা গ) স্নেহ কাতরতা ঘ) অমরত্বের আকাঙ্ক্ষা

২৯। 'কপোতাক্ষ নদ' কবিতায় কাকে প্রজা বলা হয়েছে?
ক) কপোতাক্ষ নদকে খ) বারিকে গ) সাগরকে ঘ) দেশকে

৩০। "বকুলতলার মেলা ভেঙেছে কবে / হারিয়ে ফেলেছি পুরনো গান / তবু মনে আজও বাজে সেই সুর / সাথীদের সাথে মান-অভিমান।"
উদ্দীপকের ভাবটি 'কপোতাক্ষ নদ' কবিতার কোন পঙক্তিটির সাথে সাদৃশ্যপূর্ণ?
ক) আর কি হে হবে দেখা? খ) কিন্তু এ স্নেহের তৃষ্ণা মিটে কার জলে? গ) জুড়াই এ কান আমি ভ্রান্তির ছলনে! ঘ) লইছে যে তব নাম বঙ্গের সংগীতে।

৩১। "মনে পড়ে সেই জ্যৈষ্ঠের দুপুরে, পাঠশালা পলায়ন" পঙ্ক্তিটির সাথে 'কপোতাক্ষ নদ' কবিতার সাদৃশ্য কোথায়?
ক) স্মৃতিকাতরতায় খ) কল্পনা প্রবণতায় গ) সুখের অনুভবে ঘ) স্নেহের তৃষ্ণায়

৩২। ‘অবসাদে ঘুম নেমে এলে আবার দেখেছি ঝিকিমিকি সেই শবরী তিতাস।' উক্ত কবিতাংশের ভাবের সঙ্গে 'কপোতাক্ষ নদ' কবিতার সাদৃশ্যগত চরণ কোনটি?

ক) বহু দেশে দেখিয়াছি বহু নদ-দলে খ) সতত তোমার কথা ভাবি এ বিরলে গ) আর কি হে হবে দেখা? - যত দিন যাবে ঘ) লইছে যে নাম তব বঙ্গের সঙ্গীতে

৩৩। ‘লইছে যে তব নাম বঙ্গের সংগীতে’—এখানে কার নামের কথা বলা হয়ছে?

ক) কবির খ) কপোতাক্ষ নদের গ) সাগরের ঘ) বঙ্গবাসীর

৩৪। ‘পুরানো সেই দিনের কথা ভুলব কিরে হায় ও সেই চোখের দেখা, প্রাণের কথা সে কি ভোলা যায়।’ ‘কপোতাক্ষ নদ’ কবিতার সাথে উদ্ধৃতাংশের মিল রয়েছে -

ক) স্বদেশ চেতনায় খ) স্মৃতি কাতরতায় গ) অমরত্ব আকাঙ্ক্ষায় ঘ) দেশের মানুষের প্রতি ভালোবাসায়

৩৫। ‘কপোতাক্ষ নদ' কবিতার ষষ্টকের ছন্দমিল কোনটি?

ক) গঘঙ গঘঙ খ) গঘগ গঘগ গ) গঘগ ঘগঘ ঘ) গঘঘ গঘগ

মনোতোষ বিশ্বাস, সহ. শিক্ষক, প্রাতিষ্ঠা এবং বিদ্যালয়, খুলনা।